ঠাকুরগাঁওয়ে দৈনিক ভোরের দর্পনের প্রতিষ্ঠা বার্ষিকী পালিত

ঠাকুরগাঁও প্রতিনিধি- দৈনিক “ভোরের দর্পনের” ২৫ বছরে পদার্পন উপলক্ষে কেক কাটা ও আলোচনা সভার আয়োজন করা হয়। গতকাল সোমবার এ উপলক্ষে প্রেসক্লাব আধুনিক ভিআইপি হলরুমে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

পত্রিকার জেলা প্রতিনিধি ও প্রেসক্লাবের দপ্তর সম্পাদক মো: আসাদুজ্জামান শামিমের আয়োজনে আলোচনা সভায় প্রেসক্লাবের ভারপ্রাপ্ত সভাপতি লুৎফর রহমান মিঠুর সভাপতিত্বে অতিথি হিসেবে বক্তব্য দেন সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মো: খাইরুল ইসলাম, পৌর বিএনপির সভাপতি ও বিশিষ্ট সমাজসেবক মো: শরিফুল ইসলাম শরিফ, ঠাকুরগাঁও প্রেসক্লাবের সভাপতি মনসুর আলী প্রমুখ।

এ সময় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন জেলা ফুটবল রেফারীজ এসোসিয়েশনের সাধারণ সম্পাদক একেএম হাসানুজ্জামান বিপ্লব, পত্রিকার রুহিয়া থানা প্রতিনিধি মো: জাহাঙ্গীর আলম, প্রেস ক্লাবের অর্থ সম্পাদক রফিকুল ইসলাম রোহান, সদস্য ও একুশে টেলিভিশনের জেলা প্রতিনিধি এসএম জসিম উদ্দিন, আব্দুল্লাহ হক দুলাল, রেজওয়ানুল হক রিজু, নবীন হাসান, নুরে আলম শাহ, নাহিদ রেজাসহ অন্যান্য সদস্য ও জেলায় কর্মরত সাংবাদিকবৃন্দ।